

কৃষি সমিক্ষা



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৩.১৩.০০৮.২০০২- ৪৬২

তারিখ: ৫ সেপ্টেম্বর ২০১৮।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, যশোর।

বিষয়: ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র: আপনার দপ্তরের স্মারক নং-১২২ তারিখ: ১২/০৯/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার অঞ্চলের আওতাধীন অভয়নগর ও বাঘারপাড়াস্থ সার গুদাম ভাড়ায় প্রদান করা হয়েছিল। উক্ত ভাড়াটিয়াদের সঙ্গে ভাড়া চুক্তি মেয়াদকাল ১৮ এপ্রিল, ২০১৬ এবং ১৮ এপ্রিল, ২০১৭ তারিখে সমাপ্ত হয়। পরবর্তীতে উক্ত ভাড়াটিয়ার সঙ্গে পুনরায় নবায়ন চুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হলে ভাড়াটিয়া কর্তৃক নবায়ন চুক্তি সম্পাদনে অঙ্গীকৃতি জ্ঞাপন করা হয়।

২. পরবর্তীতে পুনরায় নতুন করে ভাড়া প্রদানের জন্য এরই অংশ হিসাবে উক্ত গুদাম সম্পদসহ অন্যান্য স্থাপনা নতুন করে ভাড়া প্রদানের জন্য পুনরায় ভাড়ার হার নির্ধারণের জন্য Market Assesment গঠন করা হয়। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, যশোরকে আহবায়ক করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর ভিত্তি করে পুনরায় নতুন করে ভাড়া প্রদানের সুপারিশ গ্রহণের জন্য ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটির সভায় সদয় উপস্থাপিত হয়।

৩. উক্ত সভায় গৃহীত সুপারিশ মোতাবেক উন্মুক্ত দরপত্র আহবানের জন্য আপনাকে নির্দেশ দেয়া হয়। কিন্তু দরপত্র আহবানে উদ্যোগ গ্রহণ না করায় পুনরায় এ বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হয়। এর প্রেক্ষিতে এ মর্মে ব্যাখ্যা প্রদান করা হয় যে, গুদামসহ অন্যান্য স্থাপনা অত্যন্ত জরাজীর্ণ ও পরিত্যক্ত হওয়ায় ভাড়া প্রদানের জন্য উপযোগী নয়। সুতরাং দরপত্র আহবানের বিষয়টি অনুসৃত হয়নি।

৪. লক্ষ্যণীয় যে, ১১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে Market Assesment কমিটি গঠন করা হয় এবং প্রতিবেদন দাখিল করা হয় ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখে প্রতিবেদন দাখিলের পর মাত্র ৭/৮ মাসের মধ্যে স্থাপনাসমূহ ভাড়া প্রদানের জন্য উপযোগী নয় বলে আপনার নিকট মনে হলো সে বিষয়টি নিম্নস্বাক্ষরকারীর নিকট বোধগম্য নয়।

৫. এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
(আশুতোষ লাইকোটি)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৮০১৬

অনুলিপি:

পোগামাব (আটসিটি সেল) মনিটিবিং বিভাগ বিএডিসি ঢাকা (ওয়েবসাইটে পচাবের অনুরোধসহ)।